গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোসেনপুর, কিশোরগঞ্জ
www.hossainpur.kishoreganj.gov.bd

স্মারক নং-০৫.৪১.৪৮২৭.০০০.৩৫.০৩০.২৩- ৫১(১৩)

তারিখ-২৩/০১/২০২৪ খ্রি.

## "হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ:- ২১/০৯/২০১১ খ্রি. মূলে হাটবাজার ইজারা সংক্রান্ত নীতিমালার আলোকে হোসেনপুর উপজেলাধীন নিম্নেবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণের নিকট থেকে নিম্নেবর্ণিত শর্তে নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিমোক্ত বাজারের পার্শ্বে বর্ণিত টাকায় অফেরতযোগ্য নগদ মূল্যে বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকেই (০১) জেলা প্রশাসকের কার্যালয় (এল,জি,শাখা), কিশোরগঞ্জ (০২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোসেনপুর, কিশোরগঞ্জ (০৩) সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ (০৪) অফিসার ইনচার্জ, হোসেনপুর থানা ও (০৫) সোনালী ব্যাংক লি. হোসেনপুর শাখা থেকে ক্রয় করা যাবে।

ক্রয়কৃত দরপত্রসমূহ আগামী ১৪/০২/২০২৪ খ্রি:. তারিখ সকাল ৯.০০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত (০১) জেলা প্রশাসকের কার্যালয় (এল,জি,শাখা), কিশোরগঞ্জ (০২) পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোসেনপুর, কিশোরগঞ্জ (০৪) সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ এর কার্যালয় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং উক্ত তারিখেই বেলা ৩.০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

উক্ত তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ যদি কাঙ্খিত ইজারা মূল্যের না হয় বা কোন কারণে দরপত্র বাতিল হয়ে যায় তা হলে পরবর্তীতে কোন বিজ্ঞপ্তি প্রদান ব্যতিরেকেই আগামী ২৭/০২/২০২৪ খ্রি. তারিখ **২য় পর্যায়**, ১৩/০৩/২০২৪ খ্রি. তারিখ **৩য় পর্যায়,** ২১/০৩/২০২৪ খ্রি. তারিখ **৪র্থ পর্যায়** এবং ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখ **৫ম পর্যায়** উপরোক্ত অফিস সমূহে পূর্বোক্ত নিয়মে দরপত্র সিডিউল ক্রয় এবং দরপত্র দাখিল করা যাবে। বিস্তারিত তথ্যাদি অত্রাফিস এবং অত্রাফিসের www.hossainpur.kishoreganj.gov.bd ওয়েব সাইট থেকে জানা যাবে।

## "হাটবাজারের বিবরণ"

| ক্র.নং | হাটবাজারের নাম | অবস্থান/ইউনিয়ন | ১৪৩১বাংলা সনের সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | হাজীপুর কাচারী বাজার ও গো-হাট | জিনারী ইউ.পি | ৫৭৭৫৯৪/- | ২,০০০/- | |
| ০২ | হোগলাকান্দি বাজার | -ঐ- | ২৪২০৫/- | ৫০০/- | |
| ০৩ | হারেঞ্জা বাজার ও গো-হাট | সিদলা ইউ.পি | ১০,৭৯,৩০০/- | ২,৮০০/- | |
| ০৪ | মেছেড়া বাজার | -ঐ- | ৩,১৬০/- | ৫০০/- | |
| ০৫ | গড়বিশুদিয়া বাজার | -ঐ- | ১৭,৫৬০/- | ৫০০/- | |
| ০৬ | পিতলগঞ্জ বাজার ও গো-হাট | -ঐ- | ৫৮,৩১,১০০/- | ১২,৪০০/- | |
| ০৭ | কাপাসাটিয়া বাজার | গোবিন্দপুর ইউ.পি | ৯০,০০০/- | ৫০০/- | |
| ০৮ | রায়গঞ্জ বাজার | -ঐ- | ৩৩,৪০০/- | ৫০০/- | |
| ০৯ | আশুতিয়া বাজার | শাহেদল ইউ.পি | ৬১,৭৬০/- | ৫০০/- | |
| ১০ | ঠাডারকান্দা বাজার | -ঐ- | ১,২৮,২২০/- | ১,০০০/- | |
| ১১ | গলাচিপা বাজার | -ঐ- | ১১,২৫০/- | ৫০০/- | |
| ১২ | রামপুর বাজার | পুমদী ইউ.পি | ১,১০,০০০/- | ১,০০০/- | |
| ১৩ | আদুমাস্টার বাজার | -ঐ- | ৮,২০০/- | ৫০০/- | |
| ১৪ | পুমদী ইউপি বাজার | -ঐ- | ৬,৮০০/- | ৫০০/- | |
| ১৫ | চরপুমদী বাজার ও গো-হাট | -ঐ- | ১৩,০০,৬২০/- | ৩,৪০০/- | |

## শর্তাবলী:

২০. বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেওয়া হবে।

২১. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোসেনপুর, কিশোরগঞ্জ এর অনকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

২২. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপপেত্র উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পচাঁত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গো পরিশোধ করতে হবে। অন্যথায়, বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২৩. প্রাপ্ত দরপত্র সমূহের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

২৪. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

২৫. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২৬. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

২৭. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করতে হবে।

২৮. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

২৯. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

৩০. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩১. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

৩২. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

৩৩. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৩৪. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

৩৫. হাটবাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

৩৬. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা হইবে।

৩৭. কোন কারনে বাজার বন্ধ থাকলে ক্ষতিপূরন প্রদানের ক্ষেত্রে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৩৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

23.01.24

(অনিন্দ্য মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার

[redacted]

স্মারক নং-০৫.৪১.৪৮২৭.০০০.৩৫.০৩০.২৩- ৫৬ (১৩৩)

তারিখ-২৩/০১/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

২১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২৩. জেলা প্রশাসক কিশোরগঞ্জ।
২৪. পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
২৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কিশোরগঞ্জ।
২৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।
২৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোসেনপুর, কিশোরগঞ্জ।
২৮. উপজেলা নির্বাহী অফিসার.......................... (সকল) কিশোরগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টানিয়ে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
২৯. মেয়র, হোসেনপুর পৌরসভা, হোসেনপুর, কিশোরগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টানিয়ে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৩০. সহকারী কমিশনার (ভূমি) হোসেনপুর, কিশোরগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টানিয়ে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৩১. উপজেলা..............................অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টানিয়ে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৩২. সাব-রেজিস্ট্রার, হোসেনপুর, কিশোরগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৩৩. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড/ অগ্রণী ব্যাংক লিমিটেড/ কৃষি ব্যাংক লিমিটেড/ এনসিসি ব্যাংক লিমিটেড/ হোসেনপুর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।
৩৪. পোস্টমাস্টার, হোসেনপুর উপজেলা পোস্ট অফিস, হোসেনপুর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।
৩৫. চেয়ারম্যান......................... (সকল) ইউনিয়ন পরিষদ, হোসেনপুর, কিশোরগঞ্জ। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টানিয়ে এবং মাইক/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।
৩৬. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................... (সকল) ইউনিয়ন ভূমি অফিস, হোসেনপুর কিশোরগঞ্জ। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য এবং ঢোল সহরত নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৩৭. জনাব.......................................................................................................
ইজারাদার,.......................................................................................ইজারাদার/প্রাক্তন
...................................................... বাজার হোসেনপুর কিশোরগঞ্জ।
৩৮. নোটিশ বোর্ড , অত্রাফিস।
৩৯. অফিস কপি।
৪০. সম্পাদক, দৈনিক ইনকিলাব/ দৈনিক প্রতিদিন কার্য/ দৈনিক আমার সংবাদ।

23.01.24

(অনিন্দ্য মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
হোসেনপুর, কিশোরগঞ্জ
মোবাইলঃ ০১৯৫৮-৪০০৪০৯